

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
.....
মানুষদের মধ্যে যারা ইব্রাহীমের
অনুসরণ করেছিল, তারা, আর এই নবী
এবং যারা এ নবীর প্রতি ঈমান এনেছে
তারা ইব্রাহীমের ঘনিষ্ঠতম-আর আল্লাহ
হচ্ছেন মুমিনদের বন্ধু।
সূরা আল ইমরান ৬৮

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানবের সিমেন্ট
গ্যাম্বুয় সিমেন্ট
ইস্রাইলের মজবুত সিমেন্ট
কীর্তনখোলা ডেক্স
সেবা : ০২৯১০০৬৬৬০৬, ০২৭১১০২৭১০৬

বরিশাল ২ বুধবার ২৬ আগস্ট ২০২৬ ২২ রবিঃ আউঃ ১৪৪৮ ২২ ভদ্র ১৪৩৩ ২২ ৯ম বর্ষ ১৮৩ সংখ্যা ২৪ পৃষ্ঠা ১৫ টাকা



মহানবীর সা. আদর্শ
অনুসরণে শান্তিপূর্ণ
বাংলাদেশ গড়ার আহ্বান
কীর্তনখোলা ডেক্স
পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষে
মহানবী হজরত মুহাম্মদ (সা.)-এর
শান্তি, ন্যায়, সহমর্মিতা, ক্ষমা ও
মানবিকতার ২ এর পাতায় দেখুন



**সরকারি অফিস: চেয়ার-টেবিল-
সোফায় জাতীয় পতাকার ব্যবহার
নয়, হাইকোর্টের নির্দেশ**
কীর্তনখোলা ডেক্স
সরকারি অফিস ও স্বায়ত্বশাসিত
প্রতিষ্ঠানে কর্মকর্তা-কর্মচারীদের চেয়ার
বা সোফায় পেছনে জাতীয় পতাকা
এরদ্বারা ২ এর পাতায় দেখুন



**সাংস্কৃতিক অনুষ্ঠানে বাধা
দেওয়ার মানসিকতা
সরকারের নেই: তথ্যমন্ত্রী**
কীর্তনখোলা ডেক্স
সাংস্কৃতিক অনুষ্ঠান ও কনসার্ট আয়োজনে
কোনো বাধা বা বিয় সৃষ্টি করা হবে
এমন মানসিকতা সরকারের নেই বলে
জানিয়েছেন ২ এর পাতায় দেখুন



**৪৮তম বিশেষ
বিসিএসে আরও
১৮৪ জনকে নিয়োগ**
কীর্তনখোলা ডেক্স
৪৮তম বিসিএসে (বিশেষ) আরও
১৮৪ জনকে নিয়োগ দিয়ে প্রজ্ঞাপন
জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়।
নিয়োগপ্রাপ্তদের ২ এর পাতায় দেখুন

বরিশালে বাস ও থ্রি-হুইলার চালক-শ্রমিকদের বিরোধ দুই দিনের অবরোধ শেষে সড়কে ফিরলো যান চলাচল

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল কেন্দ্রীয় নথুগুণাবাদ বাস টার্মিনাল থেকে যাত্রী ওঠানোকে কেন্দ্র করে বাস ও থ্রি-হুইলার চালক-শ্রমিকদের বিরোধের অবসান হয়েছে। দুই দিন ধরে পাটাপাটি অবরোধ ও বিক্ষোভের পর মঙ্গলবার (২৫ আগস্ট) বিকেলে ত্রিপরক্ষী বৈঠকে দুই পক্ষ সমঝোতায় পৌঁছায়। এরপর বরিশালসহ দক্ষিণাঞ্চলের সড়কগুলোতে যান চলাচল স্বাভাবিক হয়। এর আগে সোমবার সাড়ে তিন ঘট্টা এবং মঙ্গলবার প্রায় সাড়ে চার ঘট্টা বরিশাল-কুয়াকাটা মহাসড়ককে বিভিন্ন সড়কে অবরোধ চলে। এতে বরিশালের সঙ্গে দক্ষিণাঞ্চলের ছয় জেলার সড়ক যোগাযোগ কার্যত বিচ্ছিন্ন হয়ে পড়ে। বন্ধ থাকে অভ্যন্তরীণ ও দূরপাল্লার বাস, মাহিন্দা ও সিএনজিচালিত থ্রি-হুইলারসহ বিভিন্ন গণপরিবহন। এতে চরম দুর্ভোগে পড়েন হাজারো যাত্রী। মঙ্গলবার সকাল সাড়ে ১০টার দিকে ঢাকা-বরিশাল মহাসড়কের রহমতপুর বাসস্ট্যান্ড এলাকায় অবস্থান নিয়ে বিক্ষোভ শুরু করেন মাহিন্দা ও

সিএনজিচালিত থ্রি-হুইলার চালকেরা। তাঁদের অভিযোগ, বাস মালিক গ্রুপের লোকজন যাত্রী ওঠাতে বাধা দিচ্ছেন এবং তাদের সঙ্গে হয়রানিমূলক আচরণ করছেন। একপর্যায়ে থ্রি-হুইলার চালকেরা অভ্যন্তরীণ রুটের বাস চলাচল বন্ধ করে নেন। বরিশাল থেকে ছেড়ে যাওয়া এবং ভূরখাটা থেকে আসা কয়েকটি বাস আটকে মীরগঞ্জ সড়কে রাখা হয়। এ সময় ৫-৬টি বাস ভাঙচুর এবং এক বাসমালিককে মারধরের অভিযোগ ওঠে। এর জেরে দুপুর দেড়টার দিকে নথুগুণাবাদ বাস টার্মিনাল থেকে অভ্যন্তরীণ ও দূরপাল্লার সব রুটে বাস চলাচল বন্ধ করে নেন বাস মালিক-শ্রমিকেরা। পরে বাণিজ্যমন্ত্রী খন্দকার আবদুল মুজাদ্দিরের ২ এর পাতায় দেখুন



বাস থেকে নামতেই ৯ কেজি গাঁজাসহ গাইবান্ধার দুই যুবক আটক

বাবুগঞ্জ প্রতিনিধি
বরিশালের বাবুগঞ্জে দূরপাল্লার একটি বাস থেকে নামার পর ৯ কেজি গাঁজাসহ গাইবান্ধার দুই যুবককে আটক করেছে পুলিশ। মঙ্গলবার সন্ধ্যায় বিষয়টি নিশ্চিত করেন বাবুগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওপি) মো. মিজানুর রহমান হাওলাদার। এর আগে সোমবার সন্ধ্যায় ঢাকা-বরিশাল মহাসড়কের নতুনহাট এলাকায় তাদের আটক করা হয়। আটক ব্যক্তিরা হলেন গাইবান্ধার মেহেদী হাসান সজল (২১) ও মাসুদ রানা (২০)। পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে বাবুগঞ্জ থানার একটি দল নতুনহাট এলাকায় অবস্থান নেয়। এ সময় ঢাকা থেকে বরিশালগামী একটি দূরপাল্লার বাস ২ এর পাতায় দেখুন

বঙ্গোপসাগরে ট্রলারডুবি: নিখোঁজ পাঁচ জেলের মরদেহ উদ্ধার


পাথরঘাটা প্রতিনিধি
উত্তাল বঙ্গোপসাগরে বৈরী আবহাওয়ার কবলে পড়ে মাছ ধরার ট্রলার 'এফবি বরকত' ডুবে যাওয়ার ঘটনায় নিখোঁজ পাঁচ জেলের মরদেহ উদ্ধার করা হয়েছে। মিজানুর প্রায় ২২ ঘট্টা পর মঙ্গলবার (২৫ আগস্ট) সাড়ে ১১টার দিকে ডুবে যাওয়া ট্রলারের ভেতর থেকে তাদের মরদেহ উদ্ধার করা হয়। বিষয়টি নিশ্চিত করেছেন ট্রলারের মালিক ও মাঝি বাদল মোল্লা। নিহত জেলেরা হলেন পাথরঘাটা সদর ইউনিয়নের আলম (৩৭), কাওসার (৩০), সাইকুল (৩৩), ইব্রাহিম (২৮) ও স্কোলা (২২)।

এর আগে সোমবার (২৪ আগস্ট) দুপুরে বৈরী আবহাওয়া ও গ্রচও ঢেউয়ের কবলে পড়ে পাথরঘাটা সদর ইউনিয়নের বাদল মোল্লার মালিকানাধীন 'এফবি বরকত' ট্রলারটি ডুবে যায়। ট্রলারটিতে ১৩ জন জেলে ছিলেন। দুর্ঘটনার পর আটজন জেলেকে জীবিত উদ্ধার করা সম্ভব হলেও পাঁচজন নিখোঁজ ছিলেন। ট্রলারের মালিক মাহমুদ জানান, গভীর টার্মিনাল সড় থেকে পাঁচ জেলের মরদেহ উদ্ধার করে একটি ট্রলার উপকূলের দিকে ফিরছে। পাথরঘাটার পৌরসভা সড় হতে পারে। উদ্ধার হওয়া জেলে ও ট্রলারের বাবুর্চি ইউসুফ মোল্লা ২ এর পাতায় দেখুন



রাসুলুল্লাহ সা. এর আদর্শই অশান্ত পৃথিবীতে শান্তি প্রতিষ্ঠার একমাত্র পথ মাওলানা আবদুল জব্বার

কীর্তনখোলা রিপোর্ট
বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় মজলিশে শুরা সদস্য ও বরিশাল জেলা আমীর মাওলানা মোহাম্মদ আবদুল জব্বার বলেছেন, বিশ্বনবী হযরত মুহাম্মাদ (সা.) কে আল্লাহ তাআলা গোটা মানবজাতির শান্তি, কল্যাণ ও মুক্তির জন্য প্রেরণ করেছেন। তিনি গোটা মানবজাতির জন্য রাহমাতুল্লিল আ'লামীন। তাঁর প্রদর্শিত আদর্শই বর্তমান অশান্ত পৃথিবীতে শান্তি প্রতিষ্ঠার একমাত্র পথ এবং মানবজাতির মুক্তি ও কল্যাণের নিশ্চয়তা। পবিত্র ঈদে মিলাদুন্নবী উপলক্ষে মঙ্গলবার (২৫ আগস্ট) গণমাধ্যমে ২ এর পাতায় দেখুন



৫২৩টির বিপরীতে বাংলাদেশে অত্যাধিকারী গুণ্ডা ১১টি

কীর্তনখোলা ডেক্স
বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) অত্যাধিকারী গুণ্ডাদের তালিকায় প্রাপ্তবয়স্কদের ৫২৩ ও শিশুদের জন্য ৩৭৪ টি গুণ্ডা রয়েছে। এর বিপরীতে বাংলাদেশে অত্যাধিকারী গুণ্ডাদের তালিকায় রয়েছে মাত্র ১১টি। নিয়ম অনুযায়ী প্রতি দুই বছর পরপর তালিকা হালনাগাদ করার কথা থাকলেও বাংলাদেশে তা যথাযথভাবে করা হয়নি। মঙ্গলবার (২৫ আগস্ট) রাজধানীর ২ এর পাতায় দেখুন

সরকারি নীতিমালাকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে পদোন্নতি ভারপ্রাপ্ত অধ্যক্ষের বিরুদ্ধে ঘুষ বাণিজ্যের অভিযোগ

ভোলা প্রতিনিধি
ভোলার মনপুরা উপজেলায় সরকারি নীতিমালা উপেক্ষা করে মোটা অংকের ঘুষের বিনিময়ে এক প্রভাবশালী অধ্যাপক পদে পদোন্নতির সুপারিশ করেছেন বলে অভিযোগ পাওয়া গেছে। লিখিত অভিযোগে জানা যায়, মনপুরা উপজেলার মনোয়ারা বেগম মহিলা কলেজের ভারপ্রাপ্ত অধ্যাপক মাহাবুব এর বিরুদ্ধে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপি নীতিমালা-২০২৫ এর ১১ এর ৪ বিধিকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে ইংরেজি শিক্ষক আবুল বাশারকে সহকারী অধ্যাপক পদে পদোন্নতির জন্য সুপারিশ করেছেন। ওই সুপারিশের ভিত্তিতে নিয়ম বহির্ভূতভাবে প্রভাবশালী অধ্যাপক এর বেতন ভাতা তুলছেন। সূত্রে জানাজায়, প্রভাবশালী অধ্যাপক (ইংরেজি) আবুল বাশার এর অনলাইন ক্লাস না করা, বিভিন্ন সময় কলেজে অনুপস্থিত থাকা, কলেজে ২ এর পাতায় দেখুন



বরিশাল বিএম কলেজে বিসিএস শিক্ষকদের কলমবিরতি

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালে বিভিন্ন সরকারি কলেজ ও প্রতিষ্ঠানে বিসিএস ক্যাডারভুক্ত শিক্ষকেরা মঙ্গলবার ১ ঘট্টা কলমবিরতি কর্মসূচি পালন করেছেন। সরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রশাসনিক পদে নন-ক্যাডার, ১০ শতাংশ কোটা, আত্মকৃত শিক্ষকদের পদায়নের প্রতিবাদে এক কর্মসূচি পালন করেন বিসিএস শিক্ষক ও বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তারা। এ কর্মসূচির আওতায় সরকারি বিএম কলেজ, বরিশাল ২ এর পাতায় দেখুন

১১ দলীয় জোটের প্রথম লংমার্চ শাপলা চত্বর থেকে লালদীঘি ময়দানে

কীর্তনখোলা ডেক্স
জামায়াতে ইসলামী নেতৃত্বাধীন ১১ দলীয় জোটের পূর্বসূরিত লংমার্চ কর্মসূচি শুরু হবে আগামী ৫ সেপ্টেম্বর থেকে। প্রথম লংমার্চটি রাজধানীর শাপলা চত্বর থেকে ২ এর পাতায় দেখুন

ছুটির ঘোষণা

আজ পবিত্র পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষে দৈনিক কীর্তনখোলা পত্রিকার বার্তা বিভাগ বন্ধ থাকবে। এতে আগামীকাল ২৭ আগস্ট পত্রিকা প্রকাশিত হবে না। আগামী শুক্রবার ২৮ আগস্ট থেকে পুনরায় পাঠকের হাতে পৌঁছে যাবে দৈনিক কীর্তনখোলা।
কর্মাদ্যক্ষ

শত শত শিক্ষকের শিক্ষক, শিশু বাসার প্রখ্যাত বাংলা ভাষাশাস্ত্রজ্ঞ ও স্বাধীনচেতা বরিশাল সরকারি ব্রহ্মসেবক কলেজ, বাংলাদেশের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশে মাত্রাংশ শিক্ষাব্যবস্থার সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক।
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রকাশের ভিত্তিতে প্রস্তুত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক মন্থর প্রাপ্তিতে সহায়ক। সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাব্যবস্থার বাংলা ২য়পত্র বিদ্যায়ের প্রধান পরীক্ষক, সরকারি অষ্টপলাতড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সুজনশীল গ্রন্থ সংগ্ৰহীতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব ঘুরে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিন্ডা	ইসলামিয়া লাইব্রেরি	অব্দের লাইব্রেরি	অব্দের লাইব্রেরি
সদর রোড, বরিশাল 01932-314219	পাথরঘাটা, সদর রোড, বরিশাল 01711-264963	সদর রোড, বরিশাল 01708-868515	সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি	নিউ মাহবুব লাইব্রেরি	রহমান বুক হাউজ	মজুমদার লাইব্রেরি
সদর রোড, বরিশাল 01711-047767	সদর রোড, বরিশাল 01763-107720	পাথরঘাটা, বরিশাল 01718-670945	সদর রোড ও কলকাতা রোড, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি	নিউ কলেজ লাইব্রেরি	হক লাইব্রেরি	আশরাফিয়া লাইব্রেরি
হাজি দার ও কলকাতা রোড, বরিশাল 01719-408049	বি.এম. কলেজের সামনে 01726-074663	বি.এম. কলেজের সামনে 01724-851658	বি.এম. কলেজের সামনে 01717-488083

প্রেম করে বিয়ে, স্ত্রীর ওপর অভিমান করে স্বামীর আত্মহত্যা

বাকেরগঞ্জ প্রতিনিধি
বরিশালের বাকেরগঞ্জে স্ত্রীর সঙ্গে কথা কাটাকাটির পর অভিমান করে রায়হান (২২) নামে এক যুবকের আত্মহত্যার ঘটনা ঘটেছে। মঙ্গলবার (২৫ আগস্ট) বেলা ১১টার দিকে উপজেলার ভরপাশা ইউনিয়নের লক্ষীপাশা গ্রামে এ ঘটনা ঘটে। নিহত রায়হান ওই গ্রামের আবুল হাওলাদারের ছেলে। তিনি বাকেরগঞ্জ পৌরসভার বাসস্ট্যান্ড এলাকায় 'মায়ের দোয়া বেকারি'তে কেক তৈরির কারিগর হিসেবে কাজ করতেন। পরিবারিক সূত্রে জানা গেছে, প্রায় এক বছর আগে প্রেমের সম্পর্কের মাধ্যমে বিয়ে করেন রায়হান। ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
প্রতিনিধি আবশ্যিক
দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য বালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আত্মহত্যা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

শেষে দ্বৈতী পত্র হইতেও ঢাকা
না বিয়োগে ২০২ জন, বরিশালে
এবং ময়মনসিংহে ৪৫ জন ভেদু
হাইকোর্সের সুনির্দিষ্ট ৭৮৫ ও ৭৯৩টি গুপ্তের মূল তালিকা
না রেখে কোনো ট্যাক্সের বা উপদেষ্টা পরিষদের পক্ষ থেকে
জানা তালিকা বাবিল বা পরিচরিত পক্ষ আইনমন্ডত নয়।
হঠাৎই বিশেষজ্ঞ মশাবল হোসেন বলেন, ২০২৫ সালের
এমেনশিয়াল মেডিসিন জিউ বিশ্ব স্বাস্থ্য সংস্থার সুপারিশের
তুলনায় অত্যন্ত সংক্ষিপ্ত কাজ হয়েছে, যা স্বাস্থ্যস্বাস্থ্যের
উদ্দেশ্যের বিষয়। গুপ্ত কোম্পানিগুলোর স্বার্থের সংঘাত এড়াতে
তালিকা প্রণয়নে তাদের সরাসরি ভূমিকা না থাকলেও নীতি
নির্ধারণে প্রাথমিক ও ভাসমানা নথিত কাজ জরুরি।

